স্যানিটেশন মাস ও হাত ধোয়া দিবস উপলক্ষ্যে কানাইঘাটে র্যালী ও আলোচনা সভা

কানাইঘাট প্রতিনিধিঃ “বর্জ্যরে পরিশোধন , নিশ্চিত হবে টেকসই স্যানিটেশন ” “হাতের পরিচ্ছন্নতায় , এসো সবে এক হই”এই প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর -২২ ও বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষ্যে কানাইঘাটে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উদ্যোগে আজ বৃহস্পতিবার সকাল ১১টায় বর্ণাঢ্য র্যালী পরবর্তী উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা পনিরুজ্জামানের পরিচালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন , উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান খাদিজা বেগম , কানাইঘাট স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ তনয় বর্ধন , সমাজসেবা কর্মকর্তা মোঃ জিলানী , ইউপি চেয়ারম্যান তমিজ উদ্দিন , আব্দুল মুমিন চৌধুরী , আবু ত্যায়িব শামীম , প্রভাষক আফসর উদ্দিন আহমেদ চৌধুরী , কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন।

জাতীয় স্যানিটেশন মাস ও হাত ধোয়া দিবসের আলোচনা সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি বলেন , শতভাগ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার জন্য সরকারের পক্ষ থেকে নানা ধরনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যার কারনে বাংলাদেশে প্রায় ৮৫ ভাগ মানুষ এখন স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ল্যাট্রিন ব্যবহার করে থাকেন। শতভাগ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত এবং স্বাস্থ্যের সুরক্ষা করতে শিশু সহ সবাইকে হাত ধোয়ায় উদ্বুদ্ধ করতে জনসচেতনা বাড়াতে হবে। এজন্য প্রতিটি ইউনিয়নের জনপ্রতিনিধি এবং স্যানিটেশন ও স্বাস্থ্য নিয়ে যেসকল এনজিও সংস্থা কাজ করে থাকে তাদের কার্যক্রম আরো জনবান্ধব করার জন্য তিনি আহ্বান জানান।